

বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (NTRCA)
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (৪র্থ তলা)
৩৭/৩/এ, ইস্টাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০
ফ্যাক্স: ০২-৪১০৩০০৪৯, ওয়েবসাইট: www.ntrca.gov.bd
ই-মেইল: office@ntrca.gov.bd

স্মারক নম্বর: বেশিনিক/পমুপ্র/ফলাফল/৩৬০(অংশ-১)/২০১২/৭২০

তারিখ: ২২ অক্টোবর, ২০১৯ খ্রি.

বিজ্ঞপ্তি

বিষয়: পঞ্চদশ শিক্ষক নিবন্ধন পরীক্ষা-২০১৮ এর লিখিত পরীক্ষার ফলাফল।

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ) এর অধীনে ২৬ ও ২৭ জুলাই, ২০১৯ তারিখে পঞ্চদশ শিক্ষক নিবন্ধন পরীক্ষা-২০১৮ এর লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হয়। লিখিত পরীক্ষায় অংশগ্রহণকারী মোট পরীক্ষার্থীর সংখ্যা ১২১৬৬০ জন। উক্ত পরীক্ষার ফলাফল অদ্য ২২ অক্টোবর, ২০১৯ তারিখ বিকাল ০৪:০০ টায় প্রকাশ করা হয়। উত্তীর্ণ পরীক্ষার্থীর সংখ্যা স্কুল-২ পর্যায়ে ৭৭০ জন, স্কুল পর্যায়ে ১০৯৬৮ জন এবং কলেজ পর্যায়ে ১৬০৭ জনসহ সর্বমোট ১৩৩৪৫ জন। পরীক্ষায় অংশগ্রহণকারীদের মধ্যে সার্বিক পাসের গড় হার ১০.৯৭%। উল্লেখ্য, লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষার তারিখ, সময় ও স্থান পরবর্তীতে ওয়েবসাইট ও এসএমএস এর মাধ্যমে অবহিত করা হবে।

পরীক্ষার ফলাফল <http://ntrca.teletalk.com.bd/result/> লিংক থেকে আজ রাত ০৮:০০ টার পর বিস্তারিত জানা যাবে। তাছাড়া কৃতকার্য প্রার্থীদেরকে টেলিটক বিডি লিঃ হতে SMS-এর মাধ্যমেও ফলাফল জানিয়ে দেয়া হবে।


(এস এম আশফাক হসেন)

চেয়ারম্যান

এনটিআরসিএ, ঢাকা

ফোন: ৪১০৩০০৪৩

ই-মেইল: chairman@ntrca.gov.bd

অনুলিপি সদয় অবগতির জন্য:

১. সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. তথ্য ও জনসংযোগ কর্মকর্তা, মাননীয় মন্ত্রীর দপ্তর, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (বিজ্ঞপ্তিটি প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ায় বহুল প্রচারের অনুরোধসহ)।
৩. সিস্টেম এনালিস্ট, এনটিআরসিএ (বিজ্ঞপ্তিটি এনটিআরসিএ'র ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)।